

দার্জিলিংয়ে চালু হচ্ছে প্যারাগ্লাইডিং

- A Monitor Desk Report

Date: 19 March, 2024



দার্জিলিং: যাদের ভারত ভ্রমণের পরিকল্পনা রয়েছে, তারা টু মেরে আসতে পারেন দার্জিলিংয়ের পাহাড়ে। কারণ, এপ্রিলের দ্বিতীয় সপ্তাহ থেকে দার্জিলিংয়ে ফের শুরুর হতে যাচ্ছে প্যারাগ্লাইডিং।

২০১১ সালে দার্জিলিংয়ে শুরু হয়েছিল এই প্যারাগ্লাইডিং। ২০১৭ সাল পর্যন্ত মোটামুটি চলেছিল। তারপর ২০১৭ সালের পর থেকে এই প্যারাগ্লাইডিং বন্ধ হয়ে যায়। মূলত সেই সময় মোর্চার আন্দোলনের জেরে বন্ধ হয়ে গিয়েছিল প্যারাগ্লাইডিং। এরপর ফের চালু হতে চলেছে প্যারাগ্লাইডিং।

দার্জিলিংয়ে মূলত সেন্ট পলস থেকে লেবং পর্যন্ত এই প্যারাগ্লাইডিংয়ের ব্যবস্থা করা হবে। ১৫ থেকে ৩০ মিনিটের জন্য এই প্যারাগ্লাইডিংয়ের ব্যবস্থা করা হচ্ছে। তবে সবটাই নির্ভর করে আবহাওয়ার ওপর ভিত্তি করে। অক্টোবর থেকে মার্চ মাস পর্যন্ত প্যারাগ্লাইডিং করার আদর্শ সময়। কারণ সেই সময় একেবারে ঝকঝকে দিন থাকে। কাঞ্চনজঙ্ঘাও দারুণভাবে দেখা যায়। আর সেই সময়ই প্যারাগ্লাইডিং করার মজাই আলাদা।

সামনে দিগন্ত বিস্তৃত কাঞ্চনজঙ্ঘা। ঝকঝকে পাহাড়। চারপাশে সবুজে সবুজ। তার মাঝেই প্যারাগ্লাইডিং। পর্যটকদের কাছে অত্যন্ত আকর্ষণীয়। প্রায় সাত বছর পরে এই প্যারাগ্লাইডিং ফিরছে দার্জিলিংয়ে। কিন্তু এবার প্রশ্ন হল খরচ কেমন পড়বে?

কালিম্পংয়ের প্যারাগ্লাইডিংয়ের জন্য ১০-১৫ মিনিটের জন্য খরচ পড়বে ৩০০০ টাকা। ভিডিওগ্রাফি ও ছবির জন্য আরও ৫০০ টাকা করে খরচ পড়বে। ২০-৩০ মিনিটের জন্য প্যারাগ্লাইডিংয়ের জন্য খরচ পড়বে ৫৫০০ টাকা। তার মধ্যে ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফিও রয়েছে। একেবারে পাখির চোখে দার্জিলিং দর্শন!

